

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

শাখা-১১

সংখ্যা-শিম/শাঃ১১/৭-১/২০০৯/৩৮৪

তারিখ : ০৪ জ্যৈষ্ঠ ১৪১৭
১৮ মে ২০১০

পরিপত্র

বিষয়ঃ বেসরকারী নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগ সংক্রান্ত।

শিক্ষা মন্ত্রণালয়ের ৪ ফেব্রুয়ারি ২০১০ তারিখের স্মারক নং-শাঃ১৩/এমপিও-১২/২০০৯/৭৫ মাধ্যমে জারিকৃত “বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকায়” যাই থাকুক না কেন, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী নিয়ে বেসরকারী নিম্ন মাধ্যমিক বিদ্যালয় বা বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষক হিসেবে নিয়োগপ্রাপ্ত ও ইনডেক্সধারী ব্যক্তিগণ নিয়োগ সংক্রান্ত অন্যান্য শর্ত পূরণ সাপেক্ষে, যে কোন বেসরকারী নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক বা সহকারী শিক্ষক এবং বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক, সহকারী প্রধান শিক্ষক বা সহকারী শিক্ষক পদে নিয়োগ লাভের যোগ্য হবেন এবং বেতন-ভাতা বাবদ সরকারি সহায়তা (এমপিও) পাবেন মর্মে শিক্ষা মন্ত্রণালয়ের ০৩/০৮/২০০৯ তারিখের নং-শিম/শাঃ১১/৭-১/২০০৯/৮৮৪ পরিপত্র বহাল থাকবে।

স্বাক্ষরিত : ১৮/৫/২০১০
(সৈয়দ আতাউর রহমান)
সচিব

সংখ্যা-শিম/শাঃ১১/৭-১/২০০৯/৩৮৪/(১৫)

তারিখ : ০৪ জ্যৈষ্ঠ ১৪১৭
১৮ মে ২০১০

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ/উন্নয়ন), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। কমিশনার ----- (সকল বিভাগ)।
- ৩। যুগ্ম-সচিব (মাধ্যমিক/বিশ্ববিদ্যালয়/কলেজ/কারিগরি ও মাদ্রাসা)/যুগ্ম-প্রধান, পরিকল্পনা উইং, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর/ কারিগরি শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৫। প্রকল্প পরিচালক, এসইএসডিপি/টিকিউআই/সেকায়েপ।
- ৬। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা/রাজশাহী/যশোর/কুমিল্লা/বরিশাল/সিলেট/চট্টগ্রাম/দিনাজপুর।
- ৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। জেলা প্রশাসক, ----- (সকল)।
- ৯। উপসচিব (মাধ্যমিক/বিশ্ববিদ্যালয়/কলেজ/কারিগরি ও মাদ্রাসা), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ----- (সকল অঞ্চল)।
- ✓ ১২। সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (তাকে পরিপত্রটি শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ১৩। জেলা শিক্ষা অফিসার, ----- (সকল)।
- ১৪। উপজেলা নির্বাহী অফিসার ----- (সকল)।
- ১৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ----- (সকল)।

১৮/৫/২০১০
(মোঃ আইয়ুব হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৫০৩৪১ (অফিস)